

১০২

## বাউড়া দাখিল মাদ্রাসায় পাসের হার কম এমপিও বাতিলের জন্য কারণ দর্শানো নোটিশ

প্রতিনিধি, পাটখাম (লালমনিরহাট)

লালমনিরহাটের পাটখাম উপজেলার বাউড়া দাখিল মাদ্রাসায় প্রতিবছর পরীক্ষার্থী ও পাসের হার কমছে বলে ঢাকা মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ এমপিও বাতিলের জন্য কারণ দর্শানোর নোটিশ পাঠিয়েছে। সিনিয়র সহকারী, সচিব স্বাক্ষরিত নোটিশটি। আলোকে মন্ত্রণালয়ের উপজেলা নির্বাহী অফিসার কাজী আবু তাহেরের সভাপতিত্বে তার কার্যালয়ে আবেদন করা হয়েছে। কারণ দর্শানো নোটিশে বলা হয়েছে, ১৯৯৫ সালের ২৪ অক্টোবর শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক কমপক্ষে ২৫ জন পরীক্ষার্থী হতে হবে। দাখিল পরীক্ষায় ৫ জন উত্তীর্ণ হওয়া ছাড়াও ২০% পাস করতে হবে। একই মন্ত্রণালয়ের ৮/৭/২০০৭ তারিখে জারিকৃত পরিপত্রে (সংশোধিত নীতিমালায়)

উল্লেখ রয়েছে, মাধ্যমিক স্তরে এমপিওভুক্তির জন্য মাদ্রাসাসমূহে ন্যূনতম ১৫ জন পরীক্ষার্থী উত্তীর্ণ এবং ৩০% পরীক্ষার্থী পাস করতে হবে। পরীক্ষার্থী কমপক্ষে ৫০ জন না হলে একই নীতিমালা অনুযায়ী এমপিও বাতিলের বিধান রয়েছে। সেফত্রে বাউড়া দাখিল মাদ্রাসায় ২০০৫ সালে ১৯ জনের ১৩ জন, ২০০৬ সালে ১৫ জন এবং ২০০৭ সালে ১০ জনে ৪ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে বিধায় ১৫ দিনের মধ্যে জবাব চেয়ে নোটিশ ইস্যু করেছে বোর্ড কর্তৃপক্ষ। এ ব্যাপারে মাদ্রাসা সুপার মো. আ. জব্বার বলেন, একতেনায়ে থেকে দাখিল পর্যন্ত মাদ্রাসায় প্রায় ৪৫০ জন ছাত্রছাত্রী রয়েছে। ৩ জন শিক্ষিকা ও ১১ জন শিক্ষক নিয়ে ক্লাস সামলানো কঠিন হয়ে পড়েছে নতুন শিক্ষক নিয়োগ করা হলে এ অবস্থার উন্নতি হবে বলে তিনি মন্তব্য করেন।